

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ ভাদ্র ১৪৩০/ ৩১ আগস্ট ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.১৯৪—অর্থ বিভাগের সিনিয়র সচিব মির্জা ফাতিমা ইয়াসমিন বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের নবম ব্যাচের কর্মকর্তা হিসাবে ১৯৯১ সালে চাকরিতে যোগদানপূর্বক সুদীর্ঘকাল সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্বপালন করে অদ্য ২৮ আগস্ট ২০২৩ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেন।

০২। উল্লেখ্য, বর্ণাঢ্য কর্মজীবনের অধিকারী মির্জা ফাতিমা ইয়াসমিন কৃষি মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়সহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় ও বিভাগে কর্মরত ছিলেন। তিনি গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ সালে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব হিসাবে নিযুক্ত হন। তিনি গত ১৭ জুলাই ২০২২ তারিখে দেশের প্রথম নারী অর্থ সচিব হিসাবে নিয়োগপ্রাপ্ত হয়ে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

০৩। সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশসেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা মির্জা ফাতিমা ইয়াসমিন-কে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং একইসঙ্গে তাঁর দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ১৩ ভাদ্র ১৪৩০/২৮ আগস্ট ২০২৩ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব

( ১১৩৫৫ )

মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব**

১৩ ভাদ্র ১৪৩০  
ঢাকা: ২৮ আগস্ট ২০২৩

অর্থ বিভাগের সিনিয়র সচিব মির্জা ফাতিমা ইয়াসমিন বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের নবম ব্যাচের কর্মকর্তা হিসাবে ১৯৯১ সালে চাকরিতে যোগদানপূর্বক সুদীর্ঘকাল সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্বপালন করে অদ্য ২৮ আগস্ট ২০২৩ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেন।

উল্লেখ্য, বর্ণাঢ্য কর্মজীবনের অধিকারী মির্জা ফাতিমা ইয়াসমিন কৃষি মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়সহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় ও বিভাগে কর্মরত ছিলেন। তিনি গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ সালে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব হিসাবে নিযুক্ত হন। তিনি গত ১৭ জুলাই ২০২২ তারিখে দেশের প্রথম নারী অর্থ সচিব হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়ে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

তিনি ১৯৯১ সালে চাকরিতে যোগদানের পর হতে দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন। তিনি সম্প্রতি এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) ভাইস প্রেসিডেন্ট হিসেবে নিয়োগপ্রাপ্ত হন। তিনিই প্রথম কোনো বাংলাদেশি, যিনি এ পদে নিয়োগ পেলেন। উক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রেও তিনি তাঁর অভিজ্ঞতা ও পেশাগত দক্ষতার স্বাক্ষর রাখবেন মর্মে মন্ত্রিসভা আশা প্রকাশ করছে।

অর্থ বিভাগের সিনিয়র সচিব হিসেবে মন্ত্রিসভা-বৈঠকে উপস্থিতির শেষ দিনে সুদীর্ঘ কর্মজীবনে প্রজাতন্ত্রের কর্মে তাঁর নিষ্ঠা ও সেবার কথা মন্ত্রিসভা স্মরণ করছে।

সরকারি কর্মকর্তা হিসেবে দীর্ঘকাল দেশসেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা মির্জা ফাতিমা ইয়াসমিন-কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে একইসঙ্গে তাঁর দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করছে।